

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪১৮৮  
খোয়াই, ১৩ ডিসেম্বর, ২০২৩

খোয়াই জিলা পরিষদের কর্ম বিষয়ক স্থায়ী কমিটির সভা

খোয়াই জিলা পরিষদের কনফারেন্স হলে সম্প্রতি জিলা পরিষদের কর্মবিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্থায়ী কমিটির সভাপতি সুরত মজুমদার। উপস্থিত ছিলেন জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা, স্থায়ী কমিটির অন্যান্য সদস্য-সদস্যগণ, জিলা পরিষদের সদস্য সচিব বিপুল দাস ও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ। সভায় পূর্ত দপ্তরের আধিকারিক জানান, চলতি অর্থবছরে সুবর্ণজয়ন্তী ত্রিপুরা নির্মাণ যোজনায় জেলার তেলিয়ামুড়া মহকুমায় ৩৫.৫৭ কিলোমিটার নতুন রাস্তা নির্মাণ করা হয়েছে। তাছাড়া ১২.৩৬ কিলোমিটার রাস্তা সংস্কার করা হয়েছে। এই যোজনায় খোয়াই মহকুমায় ৪০ কিলোমিটার নতুন রাস্তা নির্মাণ করা হয়েছে। সভায় বিদ্যুৎ নিগমের প্রতিনিধি জানান, জেলায় চলতি অর্থবছরে ৬২টি গভীর নলকূপ প্রকল্পের পাম্প হাউসে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। সভায় পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের প্রতিনিধি জানান, জল জীবন মিশনে খোয়াই জেলায় এখন পর্যন্ত ৪৯ হাজার ৪৩৬টি বাড়িতে পাইপ লাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*